

তারিখ
 পৃষ্ঠা

অধ্যক্ষের ষড়যন্ত্রের শিকার মাদ্রাসা ছাত্র

দাখিল পরীক্ষা দেওয়া অনিশ্চিত হয়ে পড়েছে হাসানুরের

বাগেরহাট প্রতিনিধি : বাগেরহাট সদর উপজেলার ডেমা কেলামতিয়া আলিয়া মাদ্রাসার অধ্যক্ষের ষড়যন্ত্রের কারণে এ মাদ্রাসার মেধাবী ছাত্র হাসানুর ইসলামের এ বছর দাখিল পরীক্ষা দেওয়া অনিশ্চিত হয়ে পড়েছে। ফলে দরিদ্র হাসানুরের মা ফাতেমা বেগম অধ্যক্ষ হুমায়ুন করিদের বিরুদ্ধে গত ১ জানুয়ারি আদালতে মামলা দায়ের করেছেন।

মামলার আঞ্জির বিবরণে বলা হয়েছে, প্রায় ২ বছর আগে একটি আরবি বই না নিয়ে ক্লাসে গেলে অধ্যক্ষ হুমায়ুন কবির হাসানুরকে বেদম পিটিয়ে জখম করেন। এ ঘটনা নিয়ে এলাকায় সাপিস বৈঠক হলে অধ্যক্ষ তার কৃতকর্মের জন্য হাসানুরের অভিভাবকের কাছে ক্ষমা প্রার্থনা করেন। আর এই ঘটনার প্রতিশোধ নিতেই অধ্যক্ষ প্রতারণার অশ্রয় নেন।

তিনি হাসানুরের রেজিস্ট্রেশন ফরম পূরণে ইচ্ছাকৃতভাবে ভুল করে মাদ্রাসা শিফা বোর্ডে পাঠানোর জন্য তার রেজিস্ট্রেশন কার্ড মাদ্রাসায় আসেনি। অধ্যক্ষ রেজিস্ট্রেশন ফরম সংশোধনের কথা বলে হাসানুরের অভিভাবকের কাছ থেকে ৯ হাজার টাকা গ্রহণ করেন এবং বিষয়টি গোপন রাখতে বলেন।

এরপর পরীক্ষার ফরম পূরণের সময় অধ্যক্ষ হাসানুরকে বলেন, তুমি পরীক্ষা দিতে পারবে না। পরীক্ষা দিতে হলে তোমার অনেক টাকা লাগবে। এ সুবাদ জানার পর হাসানুরের দিনমজুর মা হতাশ হয়ে পড়েন। তিনি ধার-দেনা করে অধ্যক্ষকে আবারো টাকা দেন ছেলের ভবিষ্যতের কথা ভেবে।

কিন্তু গত ২৯ ডিসেম্বর জানা যায় হাসানুরের রেজিস্ট্রেশন কার্ডই আসেনি এবং পরীক্ষার প্রবেশপত্রও না আসার সম্ভাবনা রয়েছে। ফলে পরীক্ষা দেওয়া অনিশ্চিত হয়ে পড়েছে হাসানুরের। অর্থাৎ গত কয়েক বছর ধরে মাদ্রাসার প্রতিটি পরীক্ষায় হাসানুর ক্লাসে প্রথম হয়ে আসছিল।

হাসানুরের মায়ের অভিযোগ প্রতিশোধ নেওয়ার জন্য অধ্যক্ষ প্রতারণার অশ্রয় নিয়েছেন এবং হাসানুর যাতে পরীক্ষা দিতে না পারে সে জন্য রেজিস্ট্রেশন ফরম পূরণে ইচ্ছাকৃতভাবে ভুল করেন। তাছাড়া রেজিস্ট্রেশন ফরম সংশোধনের কথা বলে তার কাছ থেকে টাকা নিয়েও তা করেননি। বাধ্য হয়ে তিনি অধ্যক্ষের বিরুদ্ধে মামলা করেছেন।